গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
টেকনাফ, কক্সবাজার
www.teknaf.coxsbazar.gov.bd

স্মারক নং-০৫.২২.২২৯০.০০০.১৩.০১.২৪ - ৮৭২

তারিখ ঃ ২৯ /০২ /২০২৪ খ্রিঃ।

# হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারী নীতিমালা মোতাবেক টেকনাফ উপজেলায় নিম্নবর্ণিত ১১ (এগার) টি হাট-বাজার ১৪৩১ বাংলা সনের (১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত) ০১ (এক) বছর মেয়াদের জন্য ইজারা প্রদানের জন্য সীলমোহরযুক্ত নিম্নমতে দরপত্র আহবান করা যাচ্ছে।

| বিবরণ | ১ম বার | ২য় বার | ৩য় বার |
|---|---|---|---|
| দরপত্র বিক্রয়ের শুরু - শেষ তারিখ ও সময় | বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ২০/০৩/২০২৪ খ্রি. পর্যন্ত প্রতিদিন সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত | বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ২৭/০৩/২০২৪ খ্রি. পর্যন্ত প্রতিদিন সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত | বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ০৩/০৪/২০২৪ খ্রি. পর্যন্ত প্রতিদিন সকাল ০৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা |
| দরপত্র দাখিলের তারিখ ও সময় | ২১/৩/২০২৪ খ্রি. সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ২৮/৩/২০২৪ খ্রি. সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ০৪/০৪/২০২৪ খ্রি. সকাল ০৯ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা |
| দরপত্র খোলার তারিখ ও সময় | ২১/৩/২০২৪ খ্রি. বিকাল ২.৩০ ঘটিকা | ২৮/৩/২০২৪ খ্রি. বিকাল ২.৩০ ঘটিকা | ০৪/০৪/২০২৪ খ্রি বিকাল ২.৩০ ঘটিকা |

| ক্রমিক নং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | সরকারী মূল্য | দরপত্রের মূল্য(অফেরতযোগ্য) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | হ্নীলা বাজার | হ্নীলা | ৭৩,৪৭,২১৩/- | ১৫,৪০০/- | |
| ০২ | মৌলভী বাজার | হ্নীলা | ৭,২৩,৮০৩/- | ২,২০০/- | |
| ০৩ | হোয়াইক্যং বাজার | হোয়াইক্যং | ২৫,৭১,৬০২/- | ৫,৮০০/- | |
| ০৪ | খারাংখালী বাজার | হোয়াইক্যং | ২,৫৪,৯৩০/- | ১,২০০/- | |
| ০৫ | মিনা বাজার | হোয়াইক্যং | ১,৩১,৬২০/- | ১,০০০/- | |
| ০৬ | নয়াপাড়া বাজার | সাবরাং | ১২,৩৬,৩১৩/- | ৩,২০০/- | |
| ০৭ | সিকদার পাড়া বাজার | সাবরাং | ১,৫৯,৭০৭/- | ১,০০০/- | |
| ০৮ | শাহপরীরদ্বীপ বাজার | সারবাং | ১১,৭৮,৭৮৯/- | ৩,০০০/- | |
| ০৯ | বড়ডেইল বাজার (বর্তমানে যে অবস্থায় আছে) | বাহারছড়া | ১,৬৭,২৯৫/- | ১,০০০/- | |
| ১০ | শামলাপুর বাজার (বর্তমানে যে অবস্থায় আছে) | বাহারছড়া | ৫৩,৪৮,৪৪৬/- | ১১,৪০০/- | |
| ১১ | মাথাভাঙ্গা বাজার | বাহারছড়া | ৮৭,৬৬৩/- | ৫০০/- | |

২। অফিস চলাকালীন সময়ে (১) উপজেলা নির্বাহী অফিসার, টেকনাফ (২) সহকারী কমিশনার (ভূমি), টেকনাফ (৩) সোনালী ব্যাংক, টেকনাফ শাখা (৪) অফিসার ইনচার্জ, টেকনাফ মডেল থানা (৫) উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার হতে দরপত্র ফরম ক্রয় করা যাবে।

৩। দরপত্র সমূহ উপজেলা নির্বাহী অফিসার, টেকনাফ ও উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার এ রক্ষিত বাক্সে দরপত্র জমা দেয়ার নির্ধারিত তারিখে বেলা-১.০০ ঘটিকা পর্যন্ত জমা দেওয়া যাবে। একইদিন বেলা-৩.০০ টায় দরপত্র দাতাদের (যদি কেহ উপস্থিত থাকেন) সন্মুখে দরপত্র খোলা হবে।

৪। দরপত্র সিডিউল ও অন্যান্য তথ্যাদি নির্ধারিত মূল্যে(অফেরতযোগ্য) দরপত্র দাখিলের পূর্বের দিন অফিস চলাকালীন সময় পর্যন্ত ক্রয় করা যাবে।

৫। দরপত্র দাখিলের সময় উদ্ধৃত মূল্যে ৩০% অর্থ উপজেলা নির্বাহী অফিসার, টেকনাফ এর অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জমা দিতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে।

ইজারা গ্রহীতা নিয়মিত হাট/বাজার পরিষ্কার পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত ৫% অর্থ হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

৬। হাট/বাজার ইজারা প্রদানকালে দরপত্রে উল্লিখিত মূল্যের উপর ইজারা গ্রহীতাকে আয়কর ১০% ও মূল্য সংযোজন কর ১৫% (ভ্যাট) বাবদ ইজারা মূল্যের অতিরিক্ত অর্থ প্রদান করতে হবে।

৭। হাট/বাজার ইজারা কার্যক্রম সম্পন্ন না হওয়া পর্যন্ত দরপত্র দাতার সাথে দাখিলকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট ফেরত দেয়া হবে না। তবে হাট/বাজার পুনঃ বিজ্ঞপ্তিতে দরপত্র দাতা সংশ্লিষ্ট বাজারের জন্য দরপত্র দাখিলের সময় উক্ত বাজারের জন্য জমাকৃত পূর্বের পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট নম্বর উল্লেখ করে দরপত্র দাখিল করতে পারবেন।

৮। দরপত্র দাখিলের সময় দরপত্রদাতাকে পার্সপোর্ট সাইজের সত্যায়িত ছবি ও আইডি কার্ড আবেদনের সাথে অবশ্যই সংযুক্ত করিতে হইবে।

৯। কর্তৃপক্ষ প্রয়োজনে এ দরপত্র বিজ্ঞপ্তি সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৯/০২/২৪

মোঃ আদনান চৌধুরী
উপজেলা নির্বাহী অফিসার
টেকনাফ, কক্সবাজার
মোবাইল নং-০১৮৫১-৯৬৬৯৬৬
Email-unoteknaf@gmail.com

তারিখ ঃ ২৯ /০২ /২০২৪ খ্রিঃ।

স্মারক নং-০৫.২২.২২৯০.০০০.১৩.০১.২৪ - ৬৭২

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যক্রমের জন্য প্রেরিত-

১. সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪. জেলা প্রশাসক, কক্সবাজার।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কক্সবাজার।
৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার।
৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টেকনাফ, কক্সবাজার।
৮. মেয়র, টেকনাফ পৌরসভা, টেকনাফ, কক্সবাজার।
৯. সহকারী কমিশনার(ভূমি), টেকনাফ, কক্সবাজার।
১০. অফিসার ইনচার্জ, টেকনাফ মডেল থানা, টেকনাফ, কক্সবাজার।
১১. উপজেলা.........................................কর্মকর্তা, টেকনাফ। বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টাঙ্গানোর জন্য অনুরোধ সহকারে।
১২. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, টেকনাফ শাখা।
১৩. চেয়ারম্যান ............................ইউ, পি(সকল), টেকনাফ। তাঁকে বিজ্ঞপ্তিটি তাঁর ইউনিয়নে বহুল প্রচারের প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৪. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, টেকনাফ সদর/হ্নীলা/বাহারছড়া ইউনিয়ন ভূমি অফিস। তাঁকে বর্ণিত বিজ্ঞপ্তিটি তাঁর আওতাধীন এলাকায় ঢোল সহরত/মাইকিং এর মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।
১৫. সম্পাদক, দৈনিক............................................। তাঁকে বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ০৬/০৩/২০২৪ খ্রি. তারিখের মধ্যে ০১ (এক)দিনের স্বল্পপরিসরে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল।
১৬. সভাপতি/সম্পাদক, .............................................................................বাজার কমিটি, টেকনাফ।
১৭. জনাব.............................................................................................. ইজারাদার, ১৪৩০ বাংলা।
১৮. নোটিশ বোর্ড।

উপজেলা নির্বাহী অফিসার
টেকনাফ, কক্সবাজার